



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
পল্লী ভবন, ৫, বাগান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং-৪৭.৬২.০০০০.২০৮.০৪.১২০.১২. ২৬৩৭

তারিখ: ২৬ এপ্রিল, ২০১৮ খ্রিঃ

পরিপত্র

বিষয়: অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত।

সংশ্লিষ্ট সকলের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সম্প্রতি মাঠ পর্যায়ে বিআরডিবি রাজস্ব বাজেটে/বিভিন্ন প্রকল্পে/ইউসিসিএ লিঃ এ কর্মরত বিভিন্ন কর্মকর্তা/কর্মচারী, ইউসিসিএ লিঃ এর ব্যবস্থাপনা কমিটির সদস্য এবং বিভিন্ন দল/সমিতির ম্যানেজার/সদস্যগণ কর্তৃক নানা রকম অভিযোগ মহাপরিচালক মহোদয় বরাবর প্রেরণ করছেন। এই সমস্ত অভিযোগসমূহের মধ্যে প্রচুর পরিমাণে ভূয়া/অন্তঃসার শূণ্য/পক্ষপাতদুষ্ট অভিযোগ রয়েছে; যা কোন প্রকার যাচাই বাছাই/প্রাথমিক তদন্ত/সুপারিশ ব্যতিরেকে ঢালাওভাবে সদর দপ্তরে অগ্রায়ন করা হচ্ছে। এই সমস্ত অভিযোগ নিষ্পত্তি করতে প্রচুর সময় নষ্ট হচ্ছে ফলে প্রকৃত/বস্তুনিষ্ঠ অভিযোগ ক্ষেত্রবিশেষে গুরুত্বহীন হয়ে পড়ছে। যার ফলশ্রুতিতে অনিষ্পন্ন/পেন্ডিং অভিযোগের সংখ্যা দিন দিন বেড়ে যাচ্ছে। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে মাঠ পর্যায়ের প্রকৃত সমস্যা চিহ্নিত করে এর দ্রুত নিষ্পত্তি করার স্বার্থে সংশ্লিষ্ট সকলকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

- ১। বিআরডিবি রাজস্ব বাজেটে/বিভিন্ন প্রকল্পে/ইউসিসিএ লিঃ এ কর্মরত বিভিন্ন কর্মকর্তা/কর্মচারীগণকে মাঠ পর্যায়ের নানা রকম অভিযোগ/অসঙ্গতি সুস্পষ্টভাবে লিখিত আকারে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- ২। সকল প্রকার অভিযোগ/অসঙ্গতি অগ্রায়নের পূর্বে উর্দ্ধতন কর্মকর্তা তা যাচাই বাছাই এবং প্রয়োজনীয় ক্ষেত্রে প্রাথমিক তদন্ত করবেন। পরীক্ষান্তে অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া গেলেই কেবলমাত্র তা মতামত/সুপারিশসহ অগ্রায়ন করা যাবে।
- ৩। উপপরিচালক/উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাগণ তার অধীনস্থ কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে অভিযোগ প্রেরণের ক্ষেত্রে এ বিষয়ে ইতিপূর্বে তিনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন তা অবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।
- ৪। কোন কর্মকর্তা/কর্মচারী তার নিয়ন্ত্রণকারী/উর্দ্ধতন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ প্রেরণের ক্ষেত্রে কেবলমাত্র সরাসরি সদর দপ্তরে প্রেরণ করতে পারবেন, তবে অভিযোগ সুনির্দিষ্ট হতে হবে এবং সকল প্রমাণক আৱশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।
- ৫। ইউসিসিএ এর ব্যবস্থাপনা কমিটির সদস্য এবং বিভিন্ন দল/সমিতির ম্যানেজার/সদস্যগণকে উপরিলিখিত প্রক্রিয়ায় (অভিযুক্ত কর্মকর্তা/কর্মচারীর উর্দ্ধতন কর্তৃপক্ষের মাধ্যমে) কোন বস্তুনিষ্ঠ ও উধ্যবল অভিযোগ সুনির্দিষ্ট প্রমাণকসহ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। বিশেষ প্রসূত বা প্রতিহিংসার বশবর্তী হয়ে কাউকে হররানি/মানহানি/ক্ষতিগ্রহ করার উদ্দেশ্যে ভূয়া/পক্ষপাতদুষ্ট অভিযোগ প্রেরণ করলে এবং তদন্ত স্বাপেক্ষে তা প্রমাণিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৭। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এই আদেশ জারী করা হলো।
- ৮। বিষয়টি অতীব জরুরী।


মোঃ হাসানুল ইসলাম এনডিসি  
পরিচালক (প্রশাসন)  
ফোনঃ ৮১৮০০০৪

স্মারক নং-৪৭.৬২.০০০০.২০৮.০৪.১২০.১২. ২৪০৭

তারিখঃ ২৪ এপ্রিল, ২০১৮ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। পরিচালক (সকল)....., বিআরডিবি, ঢাকা।
- ২। পরিচালক, বিআরডিবিআই, খাদিমনগর, সিলেট।
- ৩। প্রকল্প পরিচালক/নির্বাহী পরিচালক (সকল)..... বিআরডিবি, ঢাকা/ফরিদপুর।
- ৪। মুখ্যপরিচালক (সকল)....., বিআরডিবি, ঢাকা।
- ✓ ৫। উপপরিচালক (সকল)..... ~~প্রোগ্রামার~~....., বিআরডিবি, ঢাকা।
- ৬। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৭। উপপরিচালক (সকল)..... জেলা দপ্তর, বিআরডিবি।
- ৮। .....ইউসিসিএ লিঃ, উপজেলাঃ....., জেলাঃ.....।
- ৯। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, .....উপজেলা,.....জেলা।
- ১০। সংশ্লিষ্ট নথি।

 ২৫.০৫.১৪

আফসানা হোসেন  
উপপরিচালক (প্রশাসন)